

# ঈদে ২৩ দিনের ছুটি পাচ্ছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

কুবি প্রতিনিধি

প্রকাশ: ২১ মে, ২০২৬ ২০:১৩



সংগৃহীত ছবি

পবিত্র ঈদুল আজহা, গ্রীষ্মকালীন অবকাশ ও আশুরা উপলক্ষে ২৩ দিনের দীর্ঘ ছুটিতে যাচ্ছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি)। এ সময় বিশ্ববিদ্যালয়ের সব

প্রশাসনিক এবং একাডেমিক কার্যক্রম বন্ধের পাশাপাশি বন্ধ থাকবে হলগুলোও।

বৃহস্পতিবার (২১ মে) রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) নূরুল করিম চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানা যায়। তবে বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম বন্ধ থাকলেও আবাসিক হলের রেজিস্ট্রার খাতায় রেজিস্ট্রেশন সাপেক্ষে হলে অবস্থান করতে পারবেন শিক্ষার্থীরা।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ মে (রবিবার) থেকে ১১ জুন (বৃহস্পতিবার) পর্যন্ত ১৯ দিনের ছুটি কার্যকর হবে। এ সময় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক সব কার্যক্রম বন্ধ থাকবে।

তবে ২৪ মে এর আগের দুইদিন এবং ১১ জুনের পরের দুইদিন করে সাপ্তাহিক ছুটি থাকায় অতিরিক্ত ৪ দিনের ছুটিসহ মোট ২৩ দিন বন্ধ থাকবে বিশ্ববিদ্যালয়।

আবাসিক হল বন্ধের বিষয়ে জানতে চাইলে বিজয়-২৪ হলের প্রাধ্যক্ষ ড. মোহাম্মদ মাহমুদুল হাসান খান বলেন, ‘বিশ্ববিদ্যালয় বন্ধ চলাকালীন হলগুলোও বন্ধ থাকবে। তবে হলের রেজিস্টার খাতায় শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন সাপেক্ষে হলে অবস্থান করতে পারবেন। হল বন্ধ চলাকালীন হলে নিরাপত্তার জন্য গার্ডরা থাকবেন।

এ ব্যাপারে রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) নূরুল করিম চৌধুরী বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ক্যালেন্ডার

অনুযায়ী ছুটি কার্যকর হবে। এ সময় বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম বন্ধ থাকলেও জরুরি প্রয়োজনে জরুরি কিছু দপ্তর খোলা থাকতে পারে।’